বিজিএ/কাস/২০২৩/ ৯৭৯

১৭ জুলাই, ২০২৩

# সম্মানিত সকল সদস্যের জন্য

**বিষয়** ঃ Customs Bond Management System (CBMS) সফটওয়্যারের ইউপি ম্যানেজমেন্ট মডিউলসহ তৎসংশ্লিষ্ট মডিউলসমূহের পাইলটিংয়ের নিমিত্তে সচল বন্ডেড প্রতিষ্ঠানকে তাদের বন্ড লাইসেন্সের তথ্য এবং IVAS সিস্টেমে রক্ষিত Busines Identification Number (BIN) এর তথ্য হালনাগাদকরণ প্রসঙ্গে।

**সূত্র** ঃ নথি নং- ০৮.০১.২৬৫৩.০২৮.০৫.০০১.২২/৩৯৪২(১৭) তারিখঃ ১১/০৭/২০২৩

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি। বন্ডেড প্রতিষ্ঠানসমূহকে IVAS সিস্টেমে রক্ষিত BIN এর তথ্য এবং বন্ড লাইসেন্সের তথ্য হালনাগাদ করণের নির্দেশনা প্রদান পূর্বক কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা সূত্রোক্ত পত্র জারী করেছে।

প্রয়োজনীয় কার্যার্থে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা কর্তৃক জারীকৃত পত্রটি এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ **বর্ণনামতে।**

ধন্যবাদান্তে,

১৭/৭/২০২৩

মোঃ ফয়জুর রহমান
মহাসচিব

রেজিঃ ডাকযোগে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা
৩৪২/১, সেগুনবাগিচা, ঢাকা।
(অস্থায়ী কার্যালয়)

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০৫.০০১.২২/ তারিখ: /০৭/২০২৩ খ্রিঃ।

বিষয় : Customs Bond Managment System (CBMS) সফটওয়্যারের ইউপি ম্যানেজমেন্ট মডিউলসহ তৎসংশ্লিষ্ট মডিউলসমূহের পাইলটিংয়ের নিমিত্তে সচল বন্ডেড প্রতিষ্ঠানকে তাদের বন্ড লাইসেন্সের তথ্য এবং IVAS সিস্টেমে রক্ষিত Busines Identification Number (BIN) এর তথ্য হালনাগাদকরণের নির্দেশনা প্রদান প্রসঙ্গে।

সূত্র : (১) জাতীয় রাজস্ব বোর্ডের পত্র নং-০৮.০১.০০০০.৫৬.১৫.০০৬.২০/১৩৭৭, তাং-১৫/০৫/২০২৩ খ্রিঃ।
(২) বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিকরণ প্রকল্পের পত্র নং-০৮.০১.০০০০.০৫৬.১৫.০০৬.২০.১২৬৪, তাং-২৭/১২/২০২২ খ্রিঃ
(৩) কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকার পত্র নং-৫(১৩)০১/কাস-বন্ড/অটোমেশন/বিবিধ/২০২০/২০,তাং-০১/০১/২০২৩

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রদ্বয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিকরণ প্রকল্পের আওতায় বাস্তবায়নাধীন Customs Bond Managment System (CBMS) সফটওয়্যারে বন্ড লাইসেন্স অ্যাপ্লিকেশন মডিউল গত ০৭/০৮/২০২২ খ্রিঃ তারিখে উদ্বোধন করা হয়েছে এবং বর্তমানে উক্ত সফটওয়্যারের মাধ্যমে নতুন বন্ড লাইসেন্সের আবেদন দাখিল ও ইস্যুর কার্যক্রম সম্পাদন করা হচ্ছে। CBMS সফটওয়্যারের অন্যান্য মডিউলসমূহও ধারাবাহিকভাবে দ্রুততম সময়ের মধ্যে চালু (Launch) করা হবে এবং কাস্টমস বন্ড ব্যবস্থাপনার সকল কার্যক্রম উক্ত সফটওয়্যারের মাধ্যমে সম্পাদন করা হবে। সে-লক্ষ্যে CBMS সফটওয়্যারের ডেভেলপকৃত ই-বন্ড রেজিস্টার ম্যানেজমেন্ট মডিউল, কো-এফিসিয়েন্ট ম্যানেজমেন্ট মডিউল, এনটাইটেলমেন্ট ম্যানেজমেন্ট মডিউল এবং ইউপি ম্যানেজমেন্ট মডিউল পরীক্ষামূলকভাবে চালু/পাইলটংয়ের নিমিত্ত বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিকরণ প্রকল্পের সূত্রোক্ত ১নং পত্রের চাহিদা মোতাবেক কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা হতে সূত্রোক্ত ২নং পত্রের মাধ্যমে প্রথম সারির ১০ টি কমপ্লায়েন্স প্রচ্ছন্ন রপ্তানিকারক প্রতিষ্ঠানকে মনোনয়ন প্রদান হয়। উক্ত ১০ টি প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সের তথ্য CBMS সিস্টেমে আপলোডকরণ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে।

২। বর্ণিতাবস্থায়, Customs Bond Managment System (CBMS) সফটওয়্যারের ইউপি ম্যানেজমেন্ট মডিউলের Demonstration বিষয়ে জাতীয় বোর্ডের সদস্য (শুল্ক: রপ্তানি, বন্ড ও আইটি) মহোদয়ের সভাপতিত্বে গত ২২/০৫/২০২৩ খ্রিঃ তারিখে কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকার সম্মেলন কক্ষে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সকল সচল বন্ডেড প্রতিষ্ঠানকে পাইলটিংয়ের আওতায় আনার সিদ্ধান্ত গৃহীত হয়। উল্লেখ্য যে, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (দক্ষিণ), ঢাকা কর্তৃক মনোনীত ১০ টি প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সের তথ্য CBMS সিস্টেমে আপলোডকরণের সময় দেখা যায় যে, অধিকাংশ প্রতিষ্ঠানের বন্ড লাইসেন্সের তথ্যের সাথে IVAS সিস্টেমে রক্ষিত Busines Identification Number (BIN) এর তথ্যে গরমিল রয়েছে। কিন্তু প্রতিষ্ঠানের ক্ষেত্রে দেখা যায়, বন্ড লাইসেন্সের তথ্য হালানগান থাকলেও IVAS সিস্টেমে BIN এর তথ্য হালনাগাদ করা নাই। আবার, কিছু প্রতিষ্ঠানের ক্ষেত্রে দেখা যায়, IVAS সিস্টেমে BIN এর তথ্য হালনাগাদ করা থাকলেও বন্ড লাইসেন্সের তথ্য হালনাগাদ করা নাই।

৩। এমতাবস্থায়, আপনার সমিতির সদস্যভুক্ত বন্ডেড প্রতিষ্ঠানগুলি যাতে IVAS সিস্টেমে রক্ষিত BIN এর তথ্য এবং বন্ড লাইসেন্সের তথ্য হালনাগাদ করে সে বিষয়ে প্রয়োজনীয় বিজ্ঞপ্তি জারিসহ সকলকে সচেতন করতে উদ্যোগ নিতে অনুরোধ করা হলো।

স্বাঃ/-
[ মোঃ আজিজুর রহমান ]
কমিশনার

নথি নং-০৮.০১.২৬৫৩.০২৮.০৫.০০১.২২/ ৩৯৪২(১৭) তারিখ: ১১ /০৭/২০২৩ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতির জন্য ঃ

১। সদস্য (শুল্ক: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।।
২-৭। কমিশনার, কাস্টম হাউস, ঢাকা/চট্টগ্রাম/বেনাপোল/মোংলা/পানগাঁও, কেরানীগঞ্জ/আইসিডি, কমলাপুর, ঢাকা।
৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
৯-১৪। উপ/সহকারী কমিশনার, ডিইপিজেড, সাভার,ঢাকা/আদমজী ইপিজেড, নারায়ণগঞ্জ/সিইপিজেড, চট্টগ্রাম/ কর্ণফুলী ইপিজেড, চট্টগ্রাম/ কুমিল্লা ইপিজেড, কুমিল্লা/ উত্তরা ইপিজেড, নীলফামারী।
১৫। উপ-প্রকল্প পরিচালক, বন্ড ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণ প্রকল্প, আল-আমিন মিলেনিয়াম টাওয়ার (লেভেল-১৩), ৭৫-৭৬, কাকরাইল, ঢাকা
১৬। সহকারী প্রোগ্রামার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর), ঢাকা।

অনুলিপি: প্রয়োজনীয় কার্যার্থে ঃ

১৭। সভাপতি, বিজিএমইএ, বিজিএমইএভবন, হাউস নং-৭/৭এ, ব্লক নং-এইচ-১, সেক্টর-১৭, উত্তরা, ঢাকা-১২৩০।
১৮। সভাপতি, বিকেএমইএ, প্লানার্স টাওয়ার (১৩ তলা), ১৩/এ, সোনারগাঁও রোড, বাংলামটর, ঢাকা।
১৯। সভাপতি, বাংলাদেশ ট্যানার্স এসোসিয়েশন (বিটিএ), বাড়ী # ৮৮, ফ্লাট # (এ-১), লেভেল-১, রোড # ৭/এ, ধানমন্ডি, ঢাকা।
২০। সভাপতি, বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ), ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮, পান্থপথ, কাওরান বাজার, ঢাকা।
২১। সভাপতি, বিপিজিএমইএ, পল্টন টাওয়ার, সুইট-৬০৩ ও ৬০৪, ৮৭, পুরানো পল্টন লাইন (৭ম তলা), ঢাকা-১০০০।
২২। সভাপতি, বিজিএমপিএমইএ, পশ্চিম মানিকদি, ইসিবি চত্বর, মিরপুর ডিওএইচএস লিংক রোড, ঢাকা ক্যান্টঃ, ঢাকা।
২৩। সভাপতি, বিএলএমইএ, ১০ম তলা, ইরেক্টরস হাউস, ১৮, কামাল আতার্তুক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা-১২১৩।
২৪। সভাপতি, লেদার গুডস এন্ড ফুটওয়্যার ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোর্টার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (এলএফএমইএবি), ইরেক্টরস হাউস (১০ম তলা), ১৮, কামাল আতার্তুক এভিনিউ, বনানী বা/এ, ঢাকা-১২১৩।

০৫.০৭.২০২৩
[ মোঃ খায়রুল আলম ]
উপ কমিশনার
কমিশনারের পক্ষে।